

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
ওয়েব সাইট : www. techedu.gov.bd
ই-মেইল : techedu09@gmail.com

স্মারক নং-টিএসসি/ভোক/অধ্যক্ষ/ব্যক্তিঃ/১৯৭২/২০১১/ ৩৩৩৭


তারিখ : ৩৩ /১০/২০১৬ খ্রিঃ


বিষয় : কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে গত ২৯/০৯/২০১৬ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় ফ্লাইপিং মাধ্যমে খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল ও কলেজ কর্মকর্তা, শিক্ষক-কর্মচারীদের উপস্থিতি মনিটরিং করা হয়। মনিটরিংয়ে পরিলক্ষিত হয়, তিনি (জনাব মোঃ নুরুল হাকিম) কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। জানা যায়, তিনি উক্ত সময়ে ভাগনির বিবাহ উপলক্ষে চট্টগ্রামে রয়েছেন।

২। কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির জন্য গণকর্মচারী শৃঙ্খলা(নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ১৯৮২ এর ধারা ৫ অনুযায়ী শাস্তিমূলক অপরাধ।

এমতাবস্থায়, কেন তাঁর বিরুদ্ধে গণকর্মচারী শৃঙ্খলা(নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ১৯৮২ এর ধারা ৫ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে না, তা সরকারী কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ধারা ৬(এ) অনুযায়ী পত্র প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।


৩৩.১০.১৬
(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম-সচিব
পরিচালক(ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


জনাব মোঃ নুরুল হাকিম
(PIMS ID-6465500327)
অধ্যক্ষ
খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল ও কলেজ
খাগড়াছড়ি।

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ২। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, খাগড়াছড়ি।